

এখানে / তাম্রলিপি



লেখিকাঃ শম্পা সেনগুপ্তা
যোগাযোগঃ shantububai@gmail.com

এখানে রোজ সন্ধ্যা হয়, চাঁদ ওঠে
এখানে রোজ ভালোবাসার ফুল ফোটে।
এখানে রাত ছন্দোবদ্ধ, কাব্যময়
এখানে তারা হীরের হার – আকাশ ছায়।
এখানে আঁধার শান্তিমগ্ন বেবাক চুপ
এখানে শিশির ঘাসে পাতা ফুলে ঝুপ ঝুপ।
এখানে ভোর নদীর ধার – হাসির দল
এখানে খালে নৌকা, ছলাৎ ছলাৎ জল
এখানে কুয়াশা ধোঁয়ার চাদর; দৃষ্টি আড়াল
এখানে পথ পায়ে পায়ে চলে সমান্তরাল
এখানে আকাশ মৌন উদার – নীলায় নীল
এখানে পাখি – মাছরাঙা, কাঠঠোকরা, চিল।
এখানে দিন মত্ত রৌদ্র – মেঘের খেলা
এখানে সময় ধীরে ভেসে যাওয়া কলার ভেলা।
এখানে সন্ধ্যা – মুখরিত ঝাঁঝি; শিয়াল-ডাক,
এখানে জোনাকী পুকুরে পাতায় আলোর ঝাঁক।
এখানে মানুষ কবিতা, ছবি, গান-পাগল
এখানে খুশি ঢেউ তুলে চলে অনর্গল।
এখানে অতীত স্তব্ধমুখর, গরিমাময় –
এখানে কৃষ্টি ঐতিহ্যের ধারাটি বয়।
এখানে শিশু চপল, ছন্দ রঙে রঙিন
এখানে মন আনন্দে নাচে ধিনাক ধিন।
এখানে প্রকৃতি সরল সবুজ অন্তহারা
এখানে হৃদয় কথা বলে দিন রাত্রি সারা।
এখানে আশা মেঘ ছিঁড়ে ফেলে দেয় ঝিলিক
এখানে ভাষা জাগরুক প্রাণে যে অনিমিত্ত
এখানে আলো রাত শেষে হলে জেগে ওঠে
এখানে রোজ ভালবাসার ফুল ফোটে।

পালকি

পালকি আসে, পালকি যায়
দিনের পর দিন কাটে, শতাব্দী বদলায়
ঘোমটার নীচে, চঞ্চল দুই চোখের মায়ায়
পালকি আসে, পালকি যায়।

অভাবের রুগ্ন হাত, অপুষ্টির সংসারে
টুপ করে ঝরে পরা ছোট ছোট তারা
নেই, নেই কত কিছু – তবু ফোটে কুঁড়ি;
তাদের বড় হবার খবর ঠিক ওদের কাছে পৌঁছায়।

এদিক ওদিক থেকে ঘটকের ঘটে আনাগোনা
‘করোগে রোশনি কি শাদি?’ ‘সুখী হবে কুসুম তোমার’
‘পাত্রের চাকরী ভাল, তবে দূর দেশে’ –
মা-বাবার বুক কি কাঁপে না? তবুও ওদের ঘরে
ক’দিন পরে বিয়ের গান শোনা যায়।

পাড়ি দেয় মুস্বাইয়ে বা মধ্যপ্রাচ্যে ঘর করতে –
যে যায়, সে আর তো ফেরে না;
খবর বা দেখাও মেলে না।
আবার ঘটক কোনো অন্য বাড়িতে হাজির হয়।

অভাবের সংসারের মেয়ে – সবার ঘাড়ে যে বোঝা!
কি এক আশায় ভর করে বাপ-মা বিয়েতে এগোয়;
কুসুম কোথায় গেলে, কি হল তার – জানা গেল না।
সোনামণির চোখে তবু সংসারের স্বপ্ন ঘনায়।

এভাবেই চলে চিরকাল – এ গল্প সবার জানা।
এই প্রতিষ্ঠান মেয়েদের দেয়নি তো নিশ্চিত ঠিকানা;
সমানে চলতে থাকে সংসারের গড়া আর ভাঙা।
সাত পাক, আজীবন সঙ্গে থাকার – যত্নে রাখার শপথ;
কোনো মূল্য থাকে না তার; সব কিছু মিথ্যা হয়ে যায়।

তবুও সংসারের স্বপ্ন দু’চোখ ছাড়ে না –
বসন্তে এলোমেলো হয় মন, না জানা
কি এক দোলা লাগে – মন জুড়ে স্বপ্ন ছড়ায়।
সুশিক্ষিত যে মেয়ে চাকুরীরতা, উচ্চপদাসীন –
সানাইয়ের সুর বাজে তারও মনে দুপুরে নিরালায়;
তারও নিভৃত স্বপ্ন জুড়ে
পালকি আসে – আর পালকি যায়।